# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৮৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنْ عطَاءٍ قَالَ: كَانَ ابْنُ عُمَرَ إِذَا صَلَّى الْجُمُعَةَ بِمَكَّةَ تَقَدَّمَ فَصَلَّى رَكْعَتَيْنِ ثُمَّ يَتَقَدَّمُ فَيُصَلِّي أَرْبَعًا وَإِذَا كَانَ بِالْمَدِينَةِ صَلَّى الْجُمُعَةَ ثُمَّ رَجَعَ إِلَى بَيْتِهِ فَصَلَّى رَكْعَتَيْنِ وَلَمْ يُصَلِّ فِي الْمَسْجِدِ فَقِيلَ لَهُ. فَقَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَله) رَوَاهُ أَبُو دَاوُد وَفِي رِوَايَةِ التِّرْمِذِيِّ قَالَ: (رَأَيْتُ ابْنَ عُمَرَ صَلَّى بَعْدَ الْجُمُعَةِ رَكْعَتَيْنِ ثمَّ صلى بعد ذَلِك أَرْبعا)

বাংলা

১১৮৭-[২৯] ’আত্বা থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) যখন মক্কায় জুমু’আর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন (তখন জুমু’আর ফরয সালাত শেষ হবার পর) একটু সামনে এগিয়ে যেতেন এবং দু’ রাক্’আত সালাত আদায় করতেন। এরপর আবার সামনে এগিয়ে যেতেন ও চার রাক্’আত সালাত আদায় করতেন। আর তিনি যখন মদীনাতে ছিলেন, জুমু’আর সালাতের ফরয আদায় করে নিজের বাড়ীতে চলে যেতেন। ঘরে দু’ রাক্’আত সালাত আদায় করতেন, মসজিদে (ফরয সালাত ব্যতীত কোন) সালাত আদায় করতেন না। এর কারণ সম্পর্কে তাঁকে প্রশ্ন করা হলে তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনই করতেন।

আবূ দাঊদ, আর তিরমিযীর বর্ণনার ভাষা হলো, ’আত্বা বললেন, আমি ইবনু ’উমার (রাঃ) কে দেখেছি যে, তিনি জুমু’আর পরে দু’ রাক্’আত সালাত আদায় করে আবার চার রাক্’আত আদায় করতেন।[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১১৩০, আত্ তিরমিযী ৫২৩, সুনান আল কুবরা লিল বায়হাক্বী ৫৯৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَانَ رَسُولُ اللّٰهِ ﷺ يَفْعَلُه) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনটি করতেন। তার অনুসরণে আমিও তাই করি। এ হাদীসের প্রকাশমান অর্থ এই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু‘আর পরে সুন্নাত সালাতে মক্কায় এবং মদীনাতে পার্থক্য করতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মক্কাতে জুমু‘আর পরে মসজিদে ছয় রাক্‘আত সুন্নাত আদায় করতেন। আর মদীনাতে জুমু‘আর পরে । তিনি মসজিদে সালাত আদায় না করে স্বীয় ঘরে গিয়ে দুই রাক্‘আত সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন।

এতে কোন সন্দেহ নেই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু‘আর পরে ছয় রাক্‘আত সালাত আদায় করেছেন মর্মে কোন সহীহ হাদীস বর্ণিত হয়নি। তবে ইবনু ‘উমার (রাঃ) কর্তৃক তা আদায় করা সাব্যস্ত আছে। আর ‘আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি তাকে এরূপ করতে নির্দেশ দিয়েছেন।

ইমাম শাওকানী বলেন, জুমু‘আর পরবর্তী সুন্নাত বাড়ীতে আদায় করা উত্তম নাকি মসজিদে আদায় করা উত্তম এ বিষয়ে মতভেদ রয়েছে। ইমাম শাফি‘ঈ, মালিক ও আহমাদ (রহঃ)-এর মতে তা বাড়ীতে আদায় করা উত্তম। এর স্বপক্ষে তারা এ হাদীস প্রমাণ হিসেবে গ্রহণ করেছেন ‘‘ফরয সালাত ব্যতীত অন্যান্য সালাত বাড়ীতে আদায় করা উত্তম’’।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55747

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন